**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 09.08.2026** **Desk in Charge: SUSMITA M.**

**Time: 01:30PM** **Edit & Compile: SHREJIT M. / ARKA S.**

**DEO:- KB** **NRT:- SHREJIT M.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি-

বিশেষ বিশেষ খবর-

১) দেশজুড়ে আজ শুরু হচ্ছে হর ঘর তিরঙ্গা অভিযান। চলবে ১৭ ই অগাস্ট পর্যন্ত।

২) ঔপনিবেশিক আইনের জায়গায় নতুন ফৌজদারি আইন নাগরিকদের ন্যায়বিচার নিশ্চিত করবে-বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৩) ঝাড়খণ্ডে নিয়োগ দুর্নীতির প্রেক্ষিতে সরকার আজ ফের চাকরিপ্রার্থীদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে।

৪) চীনে 'টাইফুন ডলফিন' আছড়ে পড়ার আশঙ্কায় সাংহাইয়ের দুটি বিমানবন্দরে সহস্রাধিক উড়ান বাতিল। লক্ষাধিক মানুষকে সরানো হয়েছে নিরাপদ আশ্রয়ে।

৫) বিশ্ব অ্যাথলেটিক্স অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে বসন্ত কুমার মেঘওয়াল হাই জাম্পে রূপো ও শাহনাওয়াজ খান লং জাম্পে ব্রোঞ্জ পদক জিতেছেন।

***********************************************************

'হর ঘর তিরঙ্গা' অভিযান আজ শুরু হচ্ছে। চলবে এই মাসের ১৭ তারিখ পর্যন্ত। এই উদ্যোগের লক্ষ্য হলো নাগরিকদের জাতীয় পতাকা উত্তোলনে এবং দেশপ্রেম,জাতীয় ঐক্য ও ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা। এবারের উদযাপনের অংশ হিসেবে সারা দেশে 'বন্দে মাতরম' সমবেতভাবে গাওয়ার আয়োজন করা হচ্ছে।

ভারত বিভাজনের ফলে সৃষ্ট যন্ত্রণা ও বাস্তুচ্যুতির কথা স্মরণ করতে কেন্দ্রীয় সরকার ১৪ই আগস্ট সারা দেশে 'বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস'পালন করবে। এই পালনের কর্মসূচির মধ্যে থাকছে মৌন পদযাত্রা, দেশ বিভাগ বিষয়ক প্রদর্শনী, তথ্যচিত্র প্রদর্শন এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে অন্যান্য স্মারক অনুষ্ঠান। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক নাগরিকদের গর্বের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছে।
এই অভিযানকে কেন্দ্র করে ২০০টিরও বেশি ভারতীয় দূতাবাস, হাইকমিশন এবং কনস্যুলেট বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করবে।

**************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ঔপনিবেশিক আইনের জায়গায় প্রবর্তিত, নতুন তিনটি ফৌজদারি আইন, প্রযুক্তি, সময়কাল ও বিশ্বাসের দৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। তিনি বলেন, নাগরিকদের ন্যায়বিচার সুনিশ্চিত করতে, প্রযুক্তি বান্ধব ও সময়ানুবর্তী নতুন ফৌজদারি আইনগুলি দায়বদ্ধ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ গোরিমেদু-র পুলিশ ট্রেনিং স্কুল মাঠে, পুদুচেরি পুলিশকে 'প্রেসিডেন্টস পুলিশ কালার' প্রদান অনুষ্ঠানে অংশ নেন। পরে তিনি পুদুচেরির মুরুগা থিয়েটার সিগন্যাল পয়েন্ট থেকে 'হর ঘর তিরঙ্গা যাত্রা'-র সূচনা করবেন। পুদুচেরি পুলিশকে অভিনন্দন জানিয়ে শ্রী শাহ বলেন, প্রেসিডেন্টস পুলিশ কালার পাওয়া যে কোনও সুশৃঙ্খল পুলিশ বাহিনীর জীবনের সবচেয়ে গৌরবময় মুহূর্তগুলির মধ্যে অন্যতম। 'প্রেসিডেন্টস পুলিশ কালার'-এর এই ঐতিহাসিক স্বীকৃতির মাধ্যমে পুদুচেরি দেশের অষ্টাদশ রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে এই সম্মানে ভূষিত হলো।

( বাইট-অমিত শাহ )

অনুষ্ঠানে পুদুচেরির লেফটেন্যান্ট গভর্নর কে কৈলাশনাথন, মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামী, স্বরাষ্ট্রমন্ত্রী এ নামাসিভায়াম এবং পুলিশ মহানির্দেশক শালিনী সিং-ও উপস্থিত ছিলেন।

**************************

ঝাড়খণ্ডে PSC ও SSC পরীক্ষায় অনিয়ম ও দুর্নীতির অভিযোগে আন্দোলনকারী চাকরিপ্রার্থীরা রাঁচিতে আজ আরও এক দফায় রাজ্য সরকারের প্রতিনিধিদের সঙ্গে

আলোচনায় বসবে। দুপুর নাগাদ এই বৈঠক হওয়ার কথা। সরকারি প্রতিনিধিরা মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের সঙ্গে কথা বলে তাঁকে প্রথম দফা বৈঠকের পর, ঘটনার অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। চাকরিপ্রার্থীদের দাবির ভিত্তিতে নির্দিষ্ট ব্যবস্থা না নেওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে শিক্ষার্থীরা জানিয়েছেন।

***************************

কেরলমের মালাপ্পুরমে বিপুল পরিমাণ অবৈধ বিস্ফোরক উদ্ধারের ঘটনায় জাতীয় তদন্তকারী সংস্থা-NIA আরও এক অভিযুক্তকে গ্রেফতার করেছে। সংস্থাটি জানিয়েছে, গতকাল মালাপ্পুরম জেলার মাঞ্জেরিতে ওই ব্যক্তিকে গ্রেফতার করা হয়। NIA-র দাবি, ধৃত ব্যক্তি এই ষড়যন্ত্রের অন্যতম মূল চক্রী এবং মামলায় উদ্ধার হওয়া বিস্ফোরকগুলি অবৈধভাবে সংগ্রহের সঙ্গে তিনি জড়িত ছিলেন। এর আগে শুক্রবার কর্ণাটকের বিজয়পুরা থেকে আরও ৩ জনকে গ্রেফতার করেছিল NIA; সব মিলিয়ে এই মামলায় গ্রেফতারের সংখ্যা দাঁড়াল ১০।

মালাপ্পুরমের চেম্মাড-থালাপ্পারা রোডে 'ফারহা হলো ব্রিকস কোম্পানি'-র চত্বরে দাঁড়িয়ে থাকা একটি লরি থেকে ৮৯ হাজার ৬ শো-টি বিস্ফোরক স্টিক এবং ১০ হাজার ৫ শো-টি শক টিউব উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে এই মামলাটি দায়ের করা হয়ে।

***************************

মহাত্মা গান্ধীর ডাকে ১৯৪২ সালের আজকের দিনেই শুরু হয়েছিল ভারত ছাড়ো আন্দোলন। উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ সমাজমাধ্যমে এক বার্তায়, আন্দোলনে অংশগ্রহণকারীদের প্রতি শ্রদ্ধা জানান। এই সংগ্রামীরা ভারতের স্বাধীনতা আন্দোলনকে ঐক্যবদ্ধ করতে বিশেষ ভূমিকা পালন করেছেন বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, তাঁদের সাহস, ত্যাগ ও দেশপ্রেম বহু প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-ও এই আন্দোলনে অংশগ্রহণকারী ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, তাঁদের সাহস সকল ভারতীয়র জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করবে। মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলনের

ডাক, স্বাধীনতা সংগ্রামে নতুন উদ্দীপনা ও ঔপনিবেশিক শাসন থেকে মুক্তির দৃঢ় সঙ্কল্প প্রোথিত করেছিল বলেও তিনি উল্লেখ করেন।

***************************

স্বাধীনতা দিবস উপলক্ষে মধ্যপ্রদেশের ১২৪ জন বন্দির সাজা কমানো হবে। এর মধ্যে যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত ১১৮ জন বন্দিকে নির্ধারিত সময়ের আগেই মুক্তি দেওয়া হবে। এছাড়া আরও ৬ জন বন্দি বিশেষ সাজা হ্রাসের সুবিধা পাবেন। ভালো আচরণ, শৃঙ্খলাপূর্ণ ব্যবহার এবং নির্ধারিত নিয়মাবলির ওপর ভিত্তি করে এই সুবিধা দেওয়া হবে। এই পদক্ষেপ অন্য বন্দিদের ভালো আচরণ করতে উৎসাহিত করবে এবং মুক্তিপ্রাপ্ত বন্দিরা সমাজের মূলধারায় ফিরে আসার সুযোগ পাবেন বলে  সরকার জানিয়েছে

***************************

বিশিষ্ট সাহিত্যিক, পাঞ্চজন্য পত্রিকার প্রাক্তন সম্পাদক তথা প্রাক্তন সাংসদ তরুণ বিজয়ের সদ্য প্রকাশিত বই Saffron Surge-এর বিষয়বস্তু নিয়ে তার মুখোমুখি আকাশবাণীর সাংবাদিক অভিরূপ ভট্টাচার্য্য। সাক্ষাৎকারটি শোনা যাবে মঙ্গলবার রাত ৮ টা থেকে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে এবং আকাশবাণীর সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

***************************

চীনে 'টাইফুন ডলফিন'-এর আশঙ্কায় সাংহাইয়ের দুটি বিমানবন্দরে ১,৩০০-এরও বেশি উড়ান বাতিল করা হয়েছে। ঝেজিয়াংয়ের তাইঝৌ শহর থেকে ৩ লক্ষ ৯০ হাজার মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়েছে স্থানীয় প্রশাসন। এই ঝড়ের প্রভাবে গতকাল রাজধানী তাইপেইসহ উত্তর তাইওয়ানে বৃষ্টি হয়েছে। তাইওয়ানের কয়েকটি বিমান সংস্থা চীনে তাদের বিমান চলাচলও বাতিল করেছে। আজ সকাল পর্যন্ত ঝড়ের সর্বোচ্চ গতিবেগ ছিল ঘণ্টায় প্রায় ১৬২ কিলোমিটার। চীনের ঝেজিয়াং প্রদেশ এবং ফুজিয়ান প্রদেশের উত্তরাঞ্চলে এই টাইফুন আছড়ে পড়তে পারে বলে আশঙ্কা।

***************************

দু'বছর আগে আজকের দিনেই আর জি কর হাসপাতালে ডাক্তারি পড়ুয়া তরুণীর নৃশংস হত্যাকাণ্ডের কথা জনসমক্ষে আসে। এর প্রতিবাদে উত্তাল হয়ে ওঠে পশ্চিমবঙ্গ তথা সারা দেশ। বিদেশেও নানা প্রান্তে প্রতিবাদে সামিল হন বহু মানুষ। বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের নির্দেশে রাজ্যের সব স্বাস্থ্য প্রতিষ্ঠানে আজ বেলা এগারোটা থেকে দু'মিনিট নীরবতা পালন করা হয়। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় আজ আর জি কর হাসপাতালে নীরবতা পালনের পর বলেন, হাসপাতালে চিকিৎসক, কর্মী এবং রোগীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন সচেষ্ট।

***************************

পাঞ্জাবের সিরহিন্দ জিটি রোডে আজ ভোরবেলায় একটি গাড়ির ধাক্কায় ৩ পুণ্যার্থী প্রাণ হারিয়েছেন। গুরুতর আহত ১ জন। উত্তরাখণ্ডের গঙ্গোত্রী থেকে পবিত্র জল নিয়ে তাঁরা পাঞ্জাবের ফরিদকোট জেলার কোটকাপুরায় ফিরছিলেন। ঘটনাস্থল থেকে পলাতক চালকের খোঁজ চালাচ্ছে পুলিশ।

***************************

আজ নাগাসাকি দিবস। ১৯৪৫ সালের ৯ আগস্ট এই দিনে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মার্কিন যুক্তরাষ্ট্র জাপানের নাগাসাকি শহরে পারমাণবিক বোমা ফেলে। এই হামলায় লক্ষাধিক মানুষ প্রাণ হারান। তেজস্ক্রিয়তার কারণে বহু মানুষের স্বাস্থ্য বিপর্যয় ঘটে ও অনেকেই চিরকালীন ভাবে বিকলাঙ্গ হয়ে পড়েন। মার্কিন যুক্তরাষ্ট্র হিরোশিমায় পারমাণবিক বোমা ফেলার ঠিক তিনদিন পর নাগাসাকিতে এই হামলা হয়। পারমাণবিক অস্ত্রের ধ্বংসলীলা সম্পর্কে সচেতনতার বার্তা দিতে ও বিশ্ব শান্তির কথা তুলে ধরতে দিনটি পালিত হয়ে থাকে। দিনটিতে পারমাণবিক যুদ্ধের ভয়াবহতার কথা স্মরণ করার পাশাপাশি নিহতদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

***************************

আজ আন্তর্জাতিক আদিবাসী দিবস। বিশ্ব জুড়ে আদিবাসী জনগোষ্ঠীর অধিকার রক্ষা, আদিবাসীদের সংস্কৃতি, ভাষার বিকাশ, ও তাদের অবদানকে সম্মান জানাতে দিনটি উদযাপিত হয়। ১৯৯৪ সালে রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে ৯ আগস্ট

দিনটিকে আন্তর্জাতিক আদিবাসী দিবস হিসেবে ঘোষণা করা হয়। এই উপলক্ষ্যে আজ নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিউ রিও আদিবাসীদের জ্ঞান এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের আহ্বান জানিয়েছেন।

********************************

যুক্তরাষ্ট্রে আয়োজিত বিশ্ব অ্যাথলেটিক্স অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে আজ ভারতের বসন্ত কুমার মেঘওয়াল হাই জাম্পে রূপো এবং শাহনাওয়াজ খান লং জাম্পে ব্রোঞ্জ পদক জিতেছেন। এর ফলে প্রতিযোগিতায় ভারতের পদক সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে তিনে।

পুরুষদের হাইজাম্প ইভেন্টে, ১৯ বছর বয়সী মেঘওয়াল ২ দশমিক ২/১ মিটার লাফিয়ে রূপো জেতেন। বিশ্ব অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপের হাই জাম্পে পদক জয়ী প্রথম ভারতীয় অ্যাথলিট হিসেবে উঠে এলেন তিনি। আলজেরিয়ার ইউনেস আয়চি সোনা এবং গ্রেট ব্রিটেনের ওটিস পুল ব্রোঞ্জ পদক জিতেছেন। পুরুষদের লংজাম্পে শাহনাওয়াজ ৭ দশমিক ৮/৪ মিটার লাফিয়ে ব্রোঞ্জ পদক নিশ্চিত করেন। ইতালির ড্যানিয়েল ইনজোলি ৭ দশমিক ৯/৭ মিটার লাফিয়ে সোনা এবং অস্ট্রেলিয়ার মেসন ম্যাকগ্রোডার ৭ দশমিক ৯/৬ মিটার লাফিয়ে রূপো জেতেন। এর আগে, জ্যাভলিন থ্রো ইভেন্টে আশিস যাদব রৌপ্য পদক জিতেছিলেন।

********************************

দক্ষিণ কোরিয়ার আসানে অনুষ্ঠিত কোরিয়া মাস্টার্স সুপার ৩০০ ব্যাডমিন্টন টুর্নামেন্টে মহিলাদের সিঙ্গেলসের ফাইনালে খেতাব জিতেছেন ভারতের অস্মিতা চালিহা । ফাইনালে আজ তিনি চিনের হান কিয়ানসি-কে ১৪-২১, ২১-১৪, ২১-১৪ ফলাফলে হারিয়ে দেন।

********************************

জম্মু ও কাশ্মীরে রেল যোগাযোগ ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে বড় ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। এর আওতায় বেশ কিছু গুরুত্বপূর্ণ রেল প্রকল্পের জন্য, চূড়ান্ত স্থান জরিপের অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে জম্মু-রেয়াসির সঙ্গে পুঞ্চকে সংযুক্তকারী একটি কৌশলগত নতুন রেললাইন। আমাদের সংবাদদাতা জানিয়েছেন, ১৯০ কিলোমিটার দীর্ঘ এই প্রকল্পটির জন্য, বিস্তারিত প্রকল্প প্রতিবেদন-DPR তৈরির লক্ষ্যে

জরিপের কাজ ইতমধ্যেই শুরু হয়েছে। এছাড়া, জম্মু ও শ্রী মাতা বৈষ্ণো দেবী কাটরা-র মধ্যে অতিরিক্ত ৭৮ কিলোমিটার রেললাইনের জন্যও জরিপের অনুমোদন দেওয়া হয়েছে। পাশাপাশি, জলন্ধর ক্যান্টনমেন্ট ও জম্মু তাউই-র মধ্যে ২১৬ কিলোমিটার দীর্ঘ তৃতীয় রেললাইনটির ডিপিআর প্রস্তুত করা হয়েছে। এর বাইরে, সাম্বা জেলায় একটি ‘গতি শক্তি কার্গো টার্মিনাল’ চালু করা হয়েছে এবং কাঠুয়া, অনন্তনাগ ও জম্মুতেও অনুরূপ টার্মিনাল স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

**********************************************************************